

বেটার লিভিং ফাউন্ডেশন

“আমরা সকলের তরে”

বাংলাদেশ ইতোমধ্যে উন্নয়নশীল দেশ হওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করেছে। কিন্তু এখনো প্রায় ৩ কোটি মানুষ দারিদ্র সীমার নীচে বসবাস করছে। এছাড়াও সমাজের একটা বড় অংশের মানুষই এখনো স্বাস্থ্য, শিক্ষা ও কর্মসংস্থান ছাড়াও নানা মৌলিক অধিকার থেকে বঞ্চিত।

বাংলাদেশের বর্তমান বাজেট প্রায় ৬ লক্ষ ৭৮ হাজার কোটি টাকার বেশি। ২০০৮ সালে ছিলো ৯০ হাজার কোটি টাকা। বাজেটের আকার এতো বৃদ্ধি পেলেও এই বাজেটের সুবিধা অধিকাংশ জনগণের কাছে পৌঁছাচ্ছে না।

সম্পদ ও সুযোগ সুবিধা বৃদ্ধি পেলেও সেগুলো যদি জনগণের মাঝে সুসম ও গতিশীল ভাবে বন্টিত না হয় অর্থাৎ সম্পদের উপর যদি জনগণের অধিকার প্রতিষ্ঠিত না হয় তবে মোট সম্পদ বৃদ্ধি পেলেও বহু মানুষ মৌলিক অধিকার থেকে বঞ্চিত থাকতে পারে। রপ্তানি, বৈদেশিক বিনিয়োগ, প্রবাসী আয়, খাদ্য উৎপাদন সবই উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পাওয়ার পরও শুধু সুসম বন্টনের অভাবে উদ্বেগজনক ভাবে বাংলাদেশে মানুষে মানুষে বৈষম্য বৃদ্ধি পাচ্ছে।

এই বৈষম্য কমাতে ভূমিকা রাখা এবং সৃষ্ট সম্পদ ও সুযোগ সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর মাঝে ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্য নিয়ে আমরা সরকারের সহায়ক শক্তি হিসেবে একটি সমাজকল্যাণ মূলক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার কাজ শুরু করেছি। আমাদের প্রতিষ্ঠান এর মাধ্যমে এদেশের মানুষকে ভালো ভাবে জীবন যাপনের সুযোগ সৃষ্টিতে ভূমিকা রেখে সামান্য হলেও যদি তাদেরকে মানবসম্পদে উন্নীত করা যায় তাহলে সেটি হবে আমাদের জন্য পরম পাওয়া।

বাংলাদেশ এখন Population Dividend এর স্বর্ণযুগে প্রবেশ করেছে। এদেশের প্রায় ২৮% জনসংখ্যার বয়স ১৫ থেকে ২৯ বছরের মধ্যে। অপরদিকে দেশে ৬০ বছরের বেশি বয়সের জনসংখ্যাও প্রায় ১০%। অর্থাৎ প্রায় ১ কোটি ৫৩ লাখ মানুষের বয়স ৬০ বছরের বেশি। বর্তমানে বাংলাদেশের মানুষের গড় আয়ু ৭২ বছর। ফলে ক্রমান্বয়ে বয়স্ক মানুষের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এই ক্রমবর্ধমান বয়স্ক মানুষদের সুস্বাস্থ্য নিশ্চিত করা গেলে তারা জাতীয় উন্নয়নে দীর্ঘদিন ভূমিকা রাখতে পারবে। অন্যথায় তারা জাতীয় বোঝায় পরিণত হবে। মূলত সকল বয়সের মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করা এবং গুণগত শিক্ষা দিয়ে তাদেরকে দক্ষ মানব সম্পদে পরিণত করতে না পারলে জনমিতির লভ্যাংশের সুফল থেকে বঞ্চিত হবে বাংলাদেশ।

ব্যাপক এই জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা এবং বর্ধিষ্ণু সম্পদ ও সুযোগকে সুসম ভাবে মানুষের নিকট পৌঁছে দিতে সাহায্য করাই এই প্রতিষ্ঠানের লক্ষ্য। সে কারণে প্রতিষ্ঠানটির নাম করন করা হয়েছে “**Better Living Foundation (BLF)**”।



BETTER LIVING FOUNDATION

House-23, Road-4, Block-F, Banani, Dhaka-1213.

Email: blf.bd18@gmail.com, Phone- +88 02 48812076

এদেশের অধিকাংশ মানুষই সুখম সমাজ প্রতিষ্ঠার জন্য ভূমিকা রাখতে চান কিন্তু সুযোগের অভাবে হয়তো করতে পারেন না। **BLF** তাদেরকে সেই সুযোগ সৃষ্টি করে দিতে ভূমিকা রাখবে। অর্থাৎ **BLF** রাষ্ট্রের এবং ব্যক্তির সম্পদকে সুখম ভাবে সকলের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য একযোগে কাজ করবে।

BLF প্রধানত ৪টি সেক্টর নিয়ে কাজ করবে। সেগুলো নিম্নরূপ-

- ১। কর্মমুখী কারিগরি শিক্ষা।
- ২। স্বাস্থ্য সেবা।
- ৩। অন্তর্ভুক্তিকরণ।
- ৪। প্রভাবন প্রক্রিয়া।

শিক্ষাখাতে লক্ষ্য সমূহ

১. কর্মমুখী শিক্ষা সচেতনতা সৃষ্টি।
২. কারিগরি শিক্ষায় বঞ্চিত জনগণকে উদ্ধৃত করার পাশাপাশি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন।
৩. নারী শিক্ষাকে বিশেষভাবে উৎসাহিত করা।
৪. ইসলামী শিক্ষার গুণগত মান বৃদ্ধি।

স্বাস্থ্য খাতে লক্ষ্য সমূহ

১. প্রাথমিক স্বাস্থ্য সচেতনতা সৃষ্টির মাধ্যমে চিকিৎসা ব্যয় কমানো।
২. মাদকাসক্তি নিরাময়।
৩. ক্রমবর্ধমান বয়স্ক মানুষদের স্বাস্থ্য সুরক্ষায় ভূমিকা রাখা।
৪. বঞ্চিত মানুষদের নিকট স্বাস্থ্য সেবা পৌঁছানো।
৫. পুষ্টিমান সম্পন্ন নিরাপদ খাদ্য নিশিতকরনে উদ্যোগ গ্রহন।

অন্তর্ভুক্তিকরণ

শিক্ষা, স্বাস্থ্য, এসএমই এবং সামাজিক সুরক্ষা কর্মসূচিতে জনগণকে অন্তর্ভুক্ত বা সংযুক্ত করার লক্ষ্যে বিভিন্ন সামাজিক কর্মসূচি গ্রহন করা। এ উদ্দেশ্যে **BLF** “অন্তর্ভুক্তির পদযাত্রা” নামে জনসংযোগ কর্মসূচি শুরু করেছে।

প্রভাবকের ভূমিকা

১. জনগণকে সরকার প্রদত্ত বিভিন্ন সুযোগ সুবিধা সম্পর্কে সচেতন করা এবং সে সকল সুযোগ সুবিধা পেতে সাধারণ মানুষকে সহযোগিতা করা।



BETTER LIVING FOUNDATION

House-23, Road-4, Block-F, Banani, Dhaka-1213.

Email: blf.bd18@gmail.com, Phone- +88 02 48812076